দৈনিক বাংলা

তারিখ ... 18|10|76 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... 6 ...

031

# যুক্তরাষ্ট্রে ইসলামী প্রশিক্ষণ কোর্স

ওয়াশিংটন, ১৭ই অক্টোবর (এনা)।—মুসলিম বিশ্ব লীগ আয়োজিত জর্জিয়ার আটলান্টায় অনুষ্ঠিত একটি ইসলামী প্রশিক্ষণ কোর্স সমাপ্ত হয়েছে।

জর্জিয়া, ক্যালিফোর্নিয়া, দক্ষিণ ক্যালিফোর্নিয়া থেকে ৪০ জন দু'সপ্তাহব্যাপী এই প্রশিক্ষণে অংশ নেন। এতে পবিত্র কোরাণ ও রসুলের হাদীস সম্পর্কে শিক্ষা দেয়া হয়। ইসলামী আইনের মৌলবিষয়-মূলে আরবী ভাষা ও এর ধ্বনিতত্ত্ব এবং বর্তমান বিশ্বে ইসলামী মূল্যবোধ ও এর ভূমিকা সম্পর্কেও আলোচনা অনুষ্ঠিত হয়।

এই ধরনের প্রশিক্ষণ এর আগে হয়েছিলো নিউইয়র্কে। আগামীতে টেক্সাস, চিকাগো ও সানফ্রান্সিসকোতেও এধরনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।